

সরকারি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট নিয়ে কিছু প্রশ্ন ও উত্তর

● প্রশ্নঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট গুলোতে পড়লে কী তা সাইন্স সমমান হবে?

▶ উত্তরঃ এটি সম্পূর্ণ সাইন্স এর প্রোগ্রাম এবং এটি জেনারেলের সাইন্সের সমমান। এখানে সাধারণ গণিত, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীববিজ্ঞান, ইংরেজি, সেই সাথে বাংলা, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সামাজিক বিজ্ঞান), ইঞ্জিনিয়ারিং ড্রয়িং, কম্পিউটার শিক্ষা, শারীরিক শিক্ষা, আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ, টেক্সটাইল এর সাবজেক্টসহ আরো বিভিন্ন সাবজেক্ট পড়ানো হয়।

● প্রশ্নঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে কি কি সাবজেক্ট পড়ানো হয় সেগুলোর সবগুলোর নাম জানতে চাই।

▶ উত্তরঃ

■ আবশ্যিক সাবজেক্টঃ

গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, ইংরেজি, বাংলা, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ধর্ম ও নৈতিক শিক্ষা, আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ, ইঞ্জিনিয়ারিং ড্রয়িং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, শারীরিক শিক্ষা।

■ টেক্সটাইল ট্রেড সাবজেক্টঃ (যেকোন ১টি বিষয়)

১. ডাইং প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং

২. অ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস

৩. উইভিং

৪. নিটিং

■ এড্ভিস্ক/ অপশনাল সাবজেক্টঃ (যেকোন ১টি বিষয়)

জীববিজ্ঞান/ কৃষি শিক্ষা/ উচ্চতর গণিত/ হিসাব বিজ্ঞান/ ভূগোল ও পরিবেশ।

● প্রশ্নঃ "জেনারেল লাইন" থেকে শিক্ষার্থী ৮ম শ্রেণি পাস করে কী টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে ৯ম শ্রেণীতে ভর্তি হতে পারবে?

▶ উত্তরঃ অবশ্যই, জেনারেল লাইন থেকে ৮ম শ্রেণি পাস করে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে ৯ম শ্রেণীতে ভর্তি হতে পারবে (বেশিরভাগ জেনারেল লাইন থেকেই পড়তে আসে ভোকেশনালে)। বা যেকোন ভোকেশনাল ইনস্টিটিউট থেকে ৮ম শ্রেণি পাস করেও টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে ৯ম শ্রেণীতে ভর্তি হতে পারবে।

● প্রশ্নঃ কী কী যোগ্যতা ও ডকুমেন্টস লাগবে ভর্তি হতে?

▶ উত্তরঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে ভর্তি হওয়ার প্রথম যোগ্যতা হলো ৮ম শ্রেণি পাস হতে হবে। ৮ম শ্রেণি পাসের মার্কসীট ও রেজিস্ট্রেশন কার্ড থাকতে হবে, সেই সাথে ইংরেজি ভার্সন জন্মনিবন্ধন বা ডিজিটাল জন্মনিবন্ধন এর কপি থাকতে হবে। এইগুলো হলো ভর্তি হওয়ার প্রাথমিক মূলশর্ত।

● প্রশ্নঃ শুধু ৮ম শ্রেণি পাস হলেই কি ভর্তি হওয়া যায়?

▶ উত্তরঃ ৮ম শ্রেণি পাস হতে হবে এটা হলো প্রথম শর্ত, সেই সাথে শিক্ষার্থীর মার্কসীটের বিভিন্ন সাবজেক্টের মার্ক পর্যালোচনা করা হয়। তবে এলাকাভেদে ভর্তি কম্পিটিশন বেশি হয় দেখে ৮ম শ্রেণিতে ভালো রেজাল্টধারীদের ভর্তিতে অগ্রাধিকার দেয়া হয়ে থাকে।

● প্রশ্নঃ কী কী কাগজপত্র লাগবে ভর্তি হতে সেগুলোর একটা লিষ্ট দিন।

▶ উত্তরঃ

- ১। আবেদনকারী শিক্ষার্থীর ৮ম শ্রেণীর রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি- (১ কপি)
- ২। জন্মনিবন্ধন সনদের ফটোকপি (ইংরেজী ভার্সন জন্মনিবন্ধন/ ডিজিটাল জন্মনিবন্ধন)- (১কপি)
- ৩। শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- (২ কপি)
- ৪। শিক্ষার্থীর পিতা ও মাতার এনআইডি (NID) কার্ড এর ফটোকপি- (পিতা ১ কপি ও মাতা ১ কপি)

● প্রশ্নঃ বয়স ২১-২২ হলে কি ভর্তি হওয়া যাবে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটে ৯ম শ্রেণিতে?

▶ উত্তরঃ না। ৮ম শ্রেণি পাস করে সাথে সাথেই ভর্তি হওয়ার জন্য সাজেশন করা হচ্ছে। বেশি বয়সের ক্ষেত্রে বয়সের সীমাবদ্ধতা আছে।

● প্রশ্নঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট থেকে এসএসসি পাস করে কি পরবর্তীতে জেনারেল বা HSC-তে কলেজে সাইন্স/আর্টস/কমার্স বা ডিপ্লোমাতে পড়া যাবে?

▶ উত্তরঃ হ্যাঁ অবশ্যই। টেক্সটাইল ভোকেশনাল থেকে এসএসসি পাস করার পরে যেকোন জেনারেল কলেজে বা HSC-তে কলেজে সাইন্স/আর্টস/ কমার্স বা যেকোন ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হতে পারবে।

● প্রশ্নঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট থেকে এসএসসি পাস করে শিক্ষার্থীরা কি পরবর্তীতে নার্সিংয়ে বা মেডিকলে কলেজে পড়তে পারবে?

▶ উত্তরঃ হ্যাঁ অবশ্যই। টেক্সটাইল ভোকেশনাল থেকে এসএসসি পাস করার পরে নার্সিংয়ে বা মেডিকলে পড়ার জন্য শিক্ষার্থীদের কোন বাঁধা নেই, কেননা এখানে জীববিজ্ঞান সাবজেক্ট রয়েছে। তাই টেক্সটাইল ভোকেশনাল থেকে পাস করে শিক্ষার্থীরা নার্সিংয়ে বা মেডিকলে পড়তে পারবে।

● প্রশ্নঃ সরকারি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট গুলোতে কী ডম থেকে ১২ শ্রেণী পর্যন্ত পড়ায়?

▶ উত্তরঃ শুধু ৯ম ও ১০ম শ্রেণি পর্যন্ত পড়ানো হয়, মানে এসএসসি প্রোগ্রাম। তবে অতি শীঘ্রই কিছু কিছু জেলায় ৬ষ্ঠ শ্রেণি থেকে প্রোগ্রাম শুরু করা হবে ইনশাআল্লাহ।

● প্রশ্নঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট গুলোর পরিচালনা করা হয় কোথা থেকে বা কোন মন্ত্রণালয় থেকে?

▶ উত্তরঃ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট গুলো হলো বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিষ্ঠান। সারাদেশে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মোট ৪১টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, ১৫টি ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট ও ১০টি বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে রয়েছে।